

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর- ৮০.১০৫.০০৩.২৭.০৫.০৫১.২০১৪-১৭৪

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ  
০৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের ২য় শ্রেণির হিসাব রক্ষণ কর্মকর্তা পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচি ও নির্দেশাবলি।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের ২য় শ্রেণির [১০ম গ্রেড] হিসাব রক্ষণ কর্মকর্তা পদে (২৪.০১.২০১৮ তারিখের বিজ্ঞপ্তি নম্বর ৫৪) নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্ন বর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার স্থান : শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

লিখিত পরীক্ষার তারিখ ও সময়ঃ ১৬.০৯.২০১৮, রবিবার, দুপুর ১:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।

## পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলিঃ

১. উক্ত পদে প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। লিখিত পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
২. উক্ত লিখিত পরীক্ষা লিখোকোড সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে। উত্তরপত্রে লিখোকোড ফরম পূরণ ও পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলি সংবলিত বিজ্ঞপ্তি কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। এর জন্য ভিন্ন ভাবে কোনো বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।
৩. পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। বইপুস্তক, ব্যাগ, মোবাইল ফোন, ব্যাঙ্ক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ্য কোনো কিছু বহন করা যাবে না বা কোনো ইলেকট্রনিক যন্ত্রপাতি সাথে আনা যাবে না।
৪. পরীক্ষার হলে প্রার্থীগণ গহনা অংলকার জাতীয় কিছু ব্যবহার করবেন না।
৫. পরীক্ষার সময় প্রার্থী কানের উপর কোনো আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে।
৬. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
৭. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা করা হয়েছে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সঙ্গে প্রার্থীর চেহারা এবং হাজিরা তালিকার স্বাক্ষরের মিল না থাকলে পরীক্ষার্থীকে বহিষ্কারসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. পরীক্ষায় নকল বা কোনো ধরনের অসদুপায় অবলম্বন বা অসদাচরণের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হবে। নকল বা অন্য কোনো অসদুপায় অবলম্বন বা কোনো অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

[আ,ই,ম, নেছার উদ্দিন]

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

[নন-ক্যাডারের অতিরিক্ত দায়িত্বে]